

**কঃ বিঃ ভেটেরিনারি অনুষদ**

**দাবি আদায়ের জন্য পরীক্ষা  
ও ক্লাস বর্জন শুরু**

কৃষি বিশ্ববিদ্যালয়, ৯ই আগস্ট (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।- কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদের ছাত্র-ছাত্রীরা তিন দফা দাবি আদায়ের জন্য বৃহস্পতিবার সকল পরীক্ষা ও ক্লাস বর্জন করে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। দাবি না মানা পর্যন্ত ২৪শে আগস্ট পর্যন্ত এই কর্মসূচি অব্যাহত থাকবে এবং ২৫শে আগস্ট বৃহত্তর কর্মসূচি ঘোষণা করা হবে।

টিএসসিতে বাংলাদেশ ভেটেরিনারি সমিতি আয়োজিত সাংবাদিক সম্মেলনে ভেটেরিনারি গাজুয়েটদের বিভিন্ন সমস্যা তুলে ধরে লিখিত বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক মোল্লা হাবিবুর রহমান। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ভিপি মোঃ আজিজুল ইসলাম ও প্রাঃ মেসবাহ উদ্দিন খন্দকার জর্জ।

সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন ১৯৮৯ সালে দশম বিসিএস থেকে শুরু করে এ পর্যন্ত পশু সম্পদ ক্যাডারে ভেটেরিনারি সার্জনের শতাধিক পদ শূন্য থাকা সত্ত্বেও পদগুলোতে নিয়োগদান বন্ধ রয়েছে। সরকারি চাকরিতে নিয়োগের রিফ্রুটমেন্ট পলিসির জটিলতা নিরসন সত্ত্বেও এ পদগুলোর জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হচ্ছে না।

পশু সম্পদের উৎপাদন, সংরক্ষণ ব্যবস্থাপনা, সম্প্রসারণ ও চিকিৎসায় ভেটেরিনারি সার্জনের গুরুত্বের কথা উল্লেখ করে নেতৃবৃন্দ বলেন, দক্ষ ভেটেরিনারি সার্জন তৈরি করার জন্য সিলেট ও চট্টগ্রাম সরকারি ভেটেরিনারি কলেজে মেডিক্যাল পেশার অনুরূপ ইন্টারনিশিপ চালু থাকলেও কৃষি বিশ্ববিদ্যালয়ের চালু করা ডিভিএম কারিকুলামে ইন্টারনিশিপের ব্যবস্থা নেই।